# শরহুল আকীদাহ আল-ওয়াসেতীয়া

বিভাগ/অধ্যায়ঃ ঈমানের রুকনসমূহ

রচয়িতা/সঙ্কলকঃ ডঃ সালেহ ফাওযান [অনুবাদ: শাইখ আব্দুল্লাহ শাহেদ আল-মাদানী]

الإيمان بالكتب আল্লাহর পক্ষ হতে অবতীর্ণ কিতাবসমূহের প্রতি ঈমান

الإيمان بالكتب আল্লাহর পক্ষ হতে অবতীর্ণ কিতাবসমূহের প্রতি ঈমান: অর্থাৎ আল্লাহ তাআলা তাঁর রাসূলদের উপর যেসব কিতাব নাযিল করেছেন, সেগুলোকে সত্যায়ন করা। আরো বিশ্বাস করা যে, কিতাবগুলোতে যা আছে, তা আল্লাহর কালাম। তা সত্য, আলোর দিশারী এবং তাতে রয়েছে মানব জাতির জন্য সুস্পষ্ট হেদায়াত।[1]

## ফুটনোট

[1] - আল্লাহ তাআলা তাঁর নবী ও রাসূলদের উপর যেসমস্ত কিতাব নাযিল করেছেন সেগুলোর উপর ঈমান আনয়ন করা আহলে সুন্নাতের অন্যতম আকীদাহ। কুরআন মাজীদে যেসব কিতাবের নাম এসেছে যেমন তাওরাত, ইঞ্জিল, যবুর এবং যেসব কিতাবের নাম উল্লেখ করা হয়নি, সেসব কিতাবের উপর ঈমান রাখা আবশ্যক।

Source — https://www.hadithbd.com/books/link/?id=8466

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন